লেন্স এশিয়া

২২ জুন, ২০২৫

# চীন, বাংলাদেশ ও পাকিস্তানের বৈঠকে কৌশলগত সম্পর্ক দৃঢ় করার বার্তা



সংগৃহীত ছবি

বাংলাদেশ, চীন ও পাকিস্তান একটি অনানুষ্ঠানিক ত্রিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। তারা যৌথভাবে নিজেদের সম্পর্ক আরও গভীর করতে আগ্রহী বলে জানান।

গত বৃহস্পতিবার (১৯ জুন) কুনমিংয়ে হওয়া বৈঠকে বাংলাদেশের ভারপ্রাপ্ত পররাষ্ট্র সচিব মো. রুহুল আলম সিদ্দিক, চীনের উপপররাষ্ট্রমন্ত্রী সান ওয়েইডং এবং পাকিস্তানের অতিরিক্ত পররাষ্ট্র সচিব ইমরান আহমেদ সিদ্দিকী সহ তাদের নিজ নিজ প্রতিনিধি দল এতে উপস্থিত ছিলেন।

পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৈঠকে তিন পক্ষ পারস্পরিক বিশ্বাস, বোঝাপড়া এবং এই অঞ্চলে শান্তি, সমৃদ্ধি ও স্থিতিশীলতার জন্য অভিন্ন দৃষ্টিভঙ্গির ভিত্তিতে সম্ভাব্য ত্রিপক্ষীয় সহযোগিতা নিয়ে মতবিনিময় করেছেন।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়-তারা অবকাঠামো, সংযোগ, বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্যসেবা, কৃষি, সমুদ্রবিষয়ক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, দুর্যোগ প্রস্তুতি এবং জলবায়ু পরিবর্তন-সংক্রান্ত বিষয়গুলোসহ গভীর সহযোগিতার জন্য বেশ কয়েকটি ক্ষেত্র চিহ্নিত করেছেন। তিন পক্ষ উন্মুক্ততা, অন্তর্ভুক্তি, সুপ্রতিবেশীসুলভ আচরণ এবং জয়-জয় পরিস্থিতির নীতিতে সহযোগিতা গড়ে তুলতে সম্মত হয়েছে

LENS ASIA